

# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৭১৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭২০]

পর্ব-৮: মসজিদ (كِتَابُ الْمَسَاجَد)

পরিচ্ছেদঃ ২৭: মসজিদে এক হাতের আঙ্গুল অন্য হাতে প্রবেশ করানো

تشبيك الأصابع في المسجد

### আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قال: أَنْبَأَنَا عِيسَى بْنُ يُونُسَ، قال: حَدَّثَنَا الْأَعْمَشُ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ الْأَسْوَدِ، قَال: دَخَلْتُ أَنَا وَعَلْقَمَةُ عَلَى عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، فَقَالَ لَنَا: أَصلَّى فَوُلاَءِ ؟ قُلْنَا: لَا، قال: قُومُوا فَصلُّوا، فَذَهَبْنَا لِنَقُومَ خَلْفَهُ، فَجَعَلَ أَحَدَنَا عَنْ يَمِينِهِ وَالْآخَرَ عَنْ شَمِالِهِ فَصلَّى بِغَيْرِ أَذَانٍ وَلَا إِقَامَةٍ، فَجَعَلَ إِذَا رَكَعَ شَبَّكَ بَيْنَ أَصنَابِعِهِ وَجَعَلَهَا بَيْنَ رُكْبَتَيْهِ ، وَقَالَ: هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَلَ.

تخریج دارالدعوه: صحیح مسلم/المساجد ۵ (۵۳۳)، (تحفة الأشراف: ۹۱۲۳)، مسند احمد ۱/۳۱۳، ویأتی عند المؤلف برقم: ۱۰۳۰ (صحیح) (یم حدیث منسوخ سے)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 720 \_ صحيح

#### বাংলা

৭১৯. ইসহাক ইবনু ইব্রাহীম (রহ.) ..... আসওয়াদ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি এবং 'আলকামাহ্ (রহ.) আবদুল্লাহ ইবনু মাস্উদ (রাঃ)-এর কাছে এলে তিনি আমাদের বললেন, এরা কি সালাত আদায় করেছে? আমরা বললাম, না। তিনি বললেন, উঠে সালাত আদায় কর। আমরা তার পেছনে দাঁড়ানোর ইচ্ছা করলাম। তিনি আমাদের একজনকে তাঁর ডানদিকে এবং অন্যজনকে তাঁর বামদিকে দাঁড় করালেন। তিনি আযান ও ইকামত ব্যতীত সালাত আদায় করলেন। পরে যখন রুকু'তে গেলেন, তখন তাঁর এক হাতের আঙুল অন্য হাতের আঙুলের মধ্যে ঢুকালেন এবং তা দুই হাঁটুর মধ্যস্থলে রাখলেন এবং বললেন, আমি রাস্লুল্লাহ (সা.) -কে এমন করতে দেখেছি।



## **English**

27. Interlacing One's Fingers In The Masjid

It was narrated that Al-Aswad said: Alqamah and I entered upon 'Abdullah bin Mas'ud and he said to us: 'Have these people prayed?' We said: 'No.' He said: 'Get up and pray.' So we went to stand behind him, and he put one of us on his right and the other on his left, and he prayed with no Adhan and no Iqamah. When he bowed he interlaced his fingers and placed his hands between his knees, and he said: 'I saw the Messenger of Allah () doing that.'

## ফুটনোট

সহীহ: মুসলিম ৫৩৪ (হাদীসটির হুকুম রহিত হয়ে গেছে), আবু দাউদ ৬১৩, সহীহ আবু দাউদ ৬২৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আসওয়াদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন